দামুড়হুদা মানবতার দৃষ্টান্ত স্থাপন করলেন ইউএনও রোকসানা মিতা

দামুড়হুদা মানবতার দৃষ্টান্ত স্থাপন করলেন ইউএনও রোকসানা মিতা গাড়ি থামিয়ে আহত নারীকে রাস্তা থেকে তুলে চিকিৎসার জন্য হাসপাতালে পাঠালেন দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা রোকসানা মিতা।

সোমবার ৩ টার সময় চিৎলা সড়কের উপর সড়ক দূর্ঘটনার কবলে পড়া এক নারীকে রাস্তা থেকে তুলে তিনি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে পাঠিয়ে দেন চিকিৎসার জন্য।

জানাগেছে, উপজেলা নির্বাহী কর্মকর্তা রোকসানা মিতা উপজেলার প্রশাসন কার্যলয় থেকে কার্পাসডাঙ্গার উদ্যেশে রওনা হয়ে চিৎলায় পৌছালে রাস্তার পাশে দেখতে পান চন্দ্রবাস গ্রামের এক নারী সড়ক দূর্ঘটনায় আহত হয়ে রাস্তার পাশে অবস্থান করছে। তিনি গাড়ি থেকে নেমে আহত নারীর পাশে গিয়ে তাকে দ্রুত উদ্ধার করে চিকিৎসার জন্য উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে পাঠানোর ব্যবস্থা করেন।

দামুড়হুদা কাঁঠালতলা রাস্তা নির্মাণ কাজ পরিদর্শন করলেন ইউএনও

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের জয়রামপুর কাঁঠালতলা থেকে কুমারীদহ হেরিং বোন বন্ড (এইচবিবি) রাস্তা নির্মাণ প্রকল্পের কাজ পরিদর্শন করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা।

বৃহস্পতিবার বিকাল ৫টার দিকে তিনি সরজমিনে এই পরিদর্শন করেন।

এসময় তিনি রাস্তায় ব্যবহৃত ইট, রাস্তার সঠিক মাপ আছে কিনা বিভিন্ন বিষয়ের পরিদর্শন করেন।

নির্বাহী কর্মকর্তা রোকসানা মিতা বলেন রাস্তাটির এক কি:মি: কাজ হবে, সব কাজ এখনো শেষ হয়নি। এখন পর্যন্ত যতটুকু কাজ হয়েছে তা সন্তোষজনক। সম্পূর্ণ কাজটি যেন ভালোভাবে শেষ হয় তার জন্য বলা হয়েছে। রাস্তার কাজে কোন অনিয়ম যেন না হয় সে বিষয়ে সতর্ক করা হয়েছে।

এসময় উপস্থিত ছিলেন উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মিজানুর রহমান।

আলমডাঙ্গায় প্রেমিকের ফোনে, প্রেমিকার বিয়ে বন্ধ করলো ইউএনও

প্রেমিকার বিয়ে বন্ধ করতে ৯৯৯ এ ফোন দিলো প্রেমিক। স্কুল পড়ুয়া প্রেমিকার বিয়ে বন্ধ করলো আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার রনি আলম নুর।

মঙ্গলবার (১৫ নভেম্বর) দুপুর দেড়টার দিকে উপজেলার বেলগাছি ইউনিয়নের ফরিদপুর জোয়ার্দারপাড়ায় ঘটেছে। এ ঘটনায় বাল্য বিবাহ নিরোধ আইন অনুযায়ী স্কুল ছাত্রীর পিতাকে ৫ হাজার টাকা জরিমানা করেছে ।

আদালত সূত্রে জানাযায়, আলমডাঙ্গা উপজেলার বেলগাছি ইউনিয়নের ফরিদপুর জোয়ার্দার পাড়ার নাসির উদ্দীন মোল্লার মেয়ে ৯ম শ্রেণীর ছাত্রীর বিবাহ আয়োজন করে।

মঙ্গলবার দুপুরে কুষ্টিয়া জেলার হালসার নগর বাঁকা গ্রামের ইকবার আলীর ছেলে রুবেল এর সাথে বিবাহ হওয়ার জন্য সকল আয়োজন সম্পন্ন করে স্কুলপড়ুয়া ছাত্রীর পরিবার।

বেলা সাড়ে ১২ টার দিকে আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার বরাবর ৯৯৯ এ ফোন দেয় একই গ্রামের স্কুল ছাত্রীর প্রেমিক সাব্বির।

এমন সংবাদের ভিত্তিতে আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার রনি আলম নুর ও থানা পুলিশ বাল্য বিবাহ নিরোধ আইন অনুযায়ী দুপুরে ওই স্কুল ছাত্রীর বাড়িতে হাজির হয়। স্কুল ছাত্রীর বয়স পূর্ণ না হওয়ায় বাল্য বিবাহ নিরোধ আইন অনুযায়ী ৫ হাজার টাকা জরিমানা করা হয়। এছাড়াও বিবাহের জন্য আয়োজিত সকল খাবার ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এর নিকট হস্তান্তর করেন ।

মেহেরপুরে মৎস্য চাষীদের মাঝে মৎস্য চাষের ব্যবহৃত উপকারণ বিতরণ

মেহেরপুরের সদর উপজেলার বিভিন্ন গ্রামের মৎস্য চাষীদের মাঝে মৎস্য চাষের ব্যবহৃত উপকারণ বিতরণ করা হয়েছে।
ইউনিয়ন পর্যায়ে মৎস্য চাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্পের আওতায় ২০২১-২০২২ অর্থ বছরে বাস্তবায়িত আর ডি মৎস্য চাষীদের মাঝে এ সহায়তা দেওয়া হয়।
মেহেরপুর সদর উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তার কার্যালয় আজ বুধবার দুপুরের দিকে সদর উপজেলা পরিষদ মিলনায়তনে মৎস্য চাষীদের মাঝে উপকরণ বিতরণ করা হয়।
সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উপজেলার মৎস্য চাষীদের মাঝে এই উপকরন বিতরন করেন।
সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা আসাদুজ্জামান রিপনের সভাপতিত্বে অনুষ্ঠিত উপকারণ বিতরণ অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পিরোজপুর ইউনিয়নের চেয়ারম্যান আব্দুস সামাদ বাবলু বিশ্বাস, আমঝুপি ইউনিয়নের চেয়ারম্যান বোরহান উদ্দিন আহমেদ চূন্নু, সদর উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা রবিউল ইসলাম উপস্থিত ছিলেন।